



ইসির চূড়ান্ত গেজেট: গাজীপুরে নতুন আসন, বাদ বাগেরহাট-৪



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন সংসদীয় আসনের সীমানা পুনঃনির্ধারণ করে চূড়ান্ত গেজেট প্রকাশ করেছে। গাজীপুরে যুক্ত হয়েছে নতুন আসন, আর বাগেরহাট থেকে একটি আসন বাদ দেওয়া হয়েছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশন (ইসি) সংসদীয় আসনগুলোর সীমানা পুনঃনির্ধারণ করে বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) চূড়ান্ত গেজেট প্রকাশ করেছে। নতুন সীমানা অনুযায়ী, গাজীপুরে যুক্ত হয়েছে গাজীপুর-৬ আসন। অন্যদিকে, বাগেরহাট-৪ আসনটি বাতিল করা হয়েছে। ওই আসনে থাকা মোড়লগঞ্জ ও শরণখোলা উপজেলা এখন থেকে বাগেরহাট-৩ আসনের সঙ্গে যুক্ত হবে।

এর আগে ৩০ জুলাই খসড়া সীমানা প্রকাশ করেছিল ইসি। চূড়ান্ত প্রক্রিয়া সম্পন্ন করে আজ গেজেট আকারে তা প্রকাশ করা হলো।

LENS ASIA